
আর. গোসিনি    এ. ইউদেরজো

নতুন অভিযানে অ্যাসটেরিক্স

# অ্যাসটেরিক্স ও পিক্টি দল

গল্পঃ জেন-ইভ্যেস ফেব্রী    ছবিঃ দিদিয়ার কনর‍্যাড



গোসিনি ও ইয়ুদেরজোর

নিবেদন

অ্যাসটেরিক্সের নতুন অভিযান

# অ্যাসটেরিক্স ও পিক্ট দল

গল্পঃ জেন-ইভ্যেস **ফেররী**

ছবিঃ দিদিয়ার **কনর্যাড**



বাংলায় অনুবাদঃ রূপক **ঘোষ**

রঙে রাঙিয়েছেনঃ থিয়েরি মেবারকি, মিউরিয়েল লিরয়, রাফায়েল দেলারূ

জেন-ইভ্যেস ফেরূরী আর দিদিয়ার কনর‍্যাডকে অনেক অভিনন্দন জানাই যে তারা নুতন অ্যাসটেরিক্স অ্যালবাম তৈরী করার সাহস আর প্রতিভা দেখিয়েছেন। ওদের অনেক ধন্যবাদ, যে সেই গল গ্রাম যা আমার বন্ধু রেনে গোসিনির সঙ্গে আমি সৃষ্টি করেছিলাম তা তাদের সৌজন্যে পুলকিত পাঠকেরা আবার ফিরে পাবেন এবং ভবিষ্যতে আরও অনেক নুতন অভিযানের আনন্দ উপভোগ করতে পারবেন।

আলবার্ট ইয়ুদেরজো

অ্যাসটেরিক্সের জন্মের পরে রেনে গোসিনির স্মৃতি কখনোই আমাদের ছেড়ে যায়নি। এখনো পর্যন্ত, অ্যালবার্ট ইয়ুদেরজোর অসাধারন প্রতিভা তা সযত্নে রক্ষা করেছেন। আজকে, এই নুতন অ্যালবামের প্রকাশকালে তিনি নিজে উপস্থিত ছিলেন, যাতে আসল স্রষ্টাদের কেউই কাজ করেন নি, আমার মনে হয় যে বর্তমান লেখকদের, যাদের ওপরে বিশ্বাস রেখে আমরা আমাদের ছোট্ট গলের দায়িত্ব দিয়েছি তাদের কাজে আমি যেমন গর্বিত ও আনন্দিত তেমনি আমার বাবাও গর্ব বোধ করতেন।

অ্যানে গোসিনি

আসল সংস্করণ © ২০১৩ আলবার্ট রেনে
ইংরাজি সংস্করণ © ২০১৩ আলবার্ট রেনে
আসল নামঃঅ্যাসটেরিক্স চেজ লা পিক্টেস

ইংরাজি অনুবাদ ঃ অ্যান্থেনা বেল
বাংলা অনুবাদ ঃ রূপক ঘোষ
বর্ণ বিন্যাস ঃ রূপক ঘোষ
প্রচ্ছদপত্র রূপান্তর ঃ রূপক ঘোষ

সর্ব শর্ত সংরক্ষিত

এই অ্যালবামটির সমস্ত স্বত্ব ১৯৮৮ এর ডিজাইন ও প্যারেন্ট অ্যাক্ট এর ধারায় গল্পরচনায় জেন-ইভ্যেস ফের্‌রী লেখক হিসাবে ও দিদিয়ার কন্‌র‍্যাড চিত্রশিল্পী হিসাবে চিহ্নিত হইল।

** বর্তমান ডিজিটাল সংস্করণটি **একমাত্র চিত্রচোর ব্লগের ব্লগারের সৌজন্যে অনুদিত ও পরিবেশিত**। এটি অনুবাদের একমাত্র উদ্দেশ্য বাংলা ভাষাভাষী মানুষের আসল ইংরাজি সংস্করণটি কেনার প্রতি আগ্রহ আরও বৃদ্ধি করা ও উদবুদ্ধ করা। এই সংস্করণের কোনও অংশ কোনও ভাবে **চিত্ররূপ বা প্রিন্ট করা** আইনত **দন্ডনীয় অপরাধ**। **পরিবেশকের অনুমতি ছাড়া** এটা **অন্য কোনও সাইটে বা ব্লগে ছাড়া** অনুচিত।

বাংলা অনুবাদ ও প্রচ্ছদপত্র রূপান্তরের © ২০১৬ চিত্রচোর.ব্লগস্পট.ইন

chitrochor.blogspot.in

# অনুবাদকের কথা




অনুবাদকের জন্য সাহস করে একটা পেজ বেশি রেখে দেওয়া হয়েছে, যাতে এই কমিক অ্যালবামটি অনুবাদ করার সময়ের অভিজ্ঞতা আপনাদের সাথে ভাগ করে নেওয়া যায়…
এটি একটি কমেডি / অ্যাডভেঞ্চার কমিক অ্যালবাম সব বয়সের পাঠকদের পড়ার জন্য উপযুক্ত। তাই নির্দ্বিধায় ৮ থেকে ৮০ সকলেই এই কমিক অ্যালবামটির মজা নিতে পারেন।

অনুবাদ করার সময় সম্পূর্ণ ইংরাজি থেকে বাংলায় করলে অদ্ভুত শোনায়, তাই চেষ্টা করেছি সংলাপ গুলো বাংলায় যথাযথ করার ও কিছু ক্ষেত্রে শব্দগুলো ইংরাজিতেই রাখা হয়েছে। অ্যাসটেরিক্সের অনুবাদের একটি মজাদার দিক হল পার্শ্ব চরিত্রগুলোর নামকরনে। তাই পার্শ্ব চরিত্রদের আসল নামগুলি বেশিরভাগ ক্ষেত্রে পরিবর্তন করা হয়েছে, পিক্টদের বেশিরভাগ নাম অপরিবর্তিত রাখা হয়েছে। তাদের মূল নামের অর্থের বাংলা করলে যা দাঁড়ায় সেটাই মানানসই হিসেবে একটু পরিবর্তন করা হয়েছে।

অ্যালবামটির আসল নাম অ্যাসটেরিক্স এন্ড দ্য পিক্টস্ নামটি কে বাংলা সংস্করনে নামকরণে করা হয়েছে অ্যাসটেরিক্স ও পিক্ট দল, এই নামকরনের পেছনে অনুপ্রেরনার কাজ করেছে অ্যাসটেরিক্স এন্ড দ্য নর্মানস্ এর আনন্দ থেকে প্রকাশিত বাংলা অনুবাদ অ্যাসটেরিক্স ও নর্মান দল। আসল নাম পরিবর্তন করার জন্য আমি আন্তরিক ভাবে ক্ষমাপ্রার্থী। কিন্তু আমার মতে সমগ্র কমিক্সটি যখন বাংলায় অনুবাদ হচ্ছে সেক্ষেত্রে কমিক অ্যালবামটির মূল নামকরন পরিবর্তন করাটাও আবশ্যিক।

প্রচ্ছদপত্র টির মূল ভাষা থেকে বাংলায় করতে, লেখাগুলি পরিষ্কার করতে কমবেশি ৪-৫ ঘন্টা লেগেছে, কারন প্রয়োজন মতো ড্রয়িং করে লেখার গ্যাপটি পূরণ করা হয়েছে। পিক্ট নামটির ক্যালিগ্রাফির ক্ষেত্রে প্রথমে আসল লেখা থেকে করার চেষ্টা করার পরেও সেটা মনঃপুত না হলে ওই একই স্টাইলে লেখার চেষ্টা করেছি। আসল নামটির অনেকটা কাছাকাছি আসতে পেরেছি বলেই মনে হয়।

৪৯ পাতার একটি কমিক অ্যালবাম সম্পূর্ণ বাংলায় অনুবাদ করা যে কতোটা কষ্টকর সে যারা করেছেন তারাই ভালো বুঝবেন। এতে যে কতোটা পরিমাণ ধৈর্য ও আন্তরিকতার প্রয়োজন সেটা নিজে না করলে অনুভব করাটা কঠিন। এই গ্রাফিক নভেলটি সম্পূর্ণ করতে আমার ৪-৫ সপ্তাহের বেশী সময় লেগে গেছে এর মূল কারন অফিস থেকে ফিরে সময় রাত্রিতে বসে অনুবাদ সম্পূর্ণ করতে হয়, তাই কিছু ক্ষেত্রে বিলম্ব হয়েছে। তবুও যে এটা তিন কিস্তিতে পরপর চিত্রচোর বগে শেয়ার করতে পেরেছি সেইজন্য ঈশ্বরকেও ধন্যবাদ জানাই। আরেকটি কথা এখানে জানিয়ে রাখতে চাই সেটা হচ্ছে অনুবাদক সুদীপ (দেব) দার সাথে কথা হচ্ছিল, তিনি আমাকে এই অনুবাদের জন্য কিছু প্রশংসা ও কিছু উপদেশ দেন। তার মধ্যে একটি হল প্রতিটি কমিকস এ বিভিন্ন অ্যাকশান বোঝানোর জন্য কিছু মজার লেখা নিয়ে খেলা হয়, সাধারনত এগুলির মাধ্যমে বিভিন্ন সাউন্ড এফেক্ট কে তুলে ধরা হয়, এগুলো কে লেটারিং বলে। নানা ক্ষেত্রে, নানা ভাবে বেলুনের মাধ্যমে ও নানাভাবে ক্যালিগ্রাফি টেক্সের মাধ্যমে এগুলো ফুটিয়ে তোলা হয়। প্রতিটি কমিকসের ক্ষেত্রে এই লেটারিং খুব গুরত্বপূর্ণ। কিন্তু অনেক্ষেত্রেই, এমনকি প্রকাশিত অনেক অ্যাসটেরিক্সের তথা অন্য কমিকস এর অনুবাদের ক্ষেত্রে এগুলি অবহেলিত। আমিও নিজের গাফিলতির জন্য বেশ কয়েকটি লেটারিং অনুবাদ অসম্পূর্ণ রেখেছিলাম। সুদীপ দার সেই উপদেশ মাথায় রেখে আমি এই কমিকসটির সম্পূর্ণ সংকলনে সব লেটারিং অনুবাদ করেছি, যা সম্ভবত অন্য কোনও অ্যাসটেরিক্স কমিকস এ এভাবে করা হয়নি। সর্বোপরি, এটি পাঠকদের মাঝে সমাদৃত হলে আমার পরিশ্রম সার্থক হবে।



তবুও নিজের দক্ষতা ও যথাযথ ভাষা প্রয়োগের অক্ষমতা জন্য এবং বানান ভুলের ক্ষেত্রে পাঠকেরা নিজগুণে আমাকে ক্ষমা করে নেবেন, এই আশা রাখছি।


রূপক

chitrochor.blogspot.in

# গলের কয়েকজন অধিবাসী




অ্যাসটেরিক্স, এই রোমাঞ্চকর গল্পগুলির নায়ক। এই ছোটখাটো যোদ্ধার যেমন বুদ্ধি, তেমনই সাহস। বিপজ্জনক সব কাজের দায়িত্বই ওকে নির্দ্বিধায় দেওয়া যায়। অ্যাসটেরিক্সের আছে অতিমানবিক শক্তি, যার উৎস পুরোহিত এটাসেটামিক্সের জাদু-পানীয়ের পাত্র...



ওবেলিক্স, অ্যাসটেরিক্সের প্রাণের বন্ধু। ‘মেনহির’ নামে এক ধরনের স্মারকশিলা বাড়ি বাড়ি পৌঁছে দেওয়া এর পেশা, বুনো শুয়োরের ‘রোস্ট’ খাওয়া এর নেশা। যে-কোনও সময় সব কাজ ফেলে ওবেলিক্স বেরোতে পারে বন্ধুর সঙ্গে নতুন অভিযানে। সঙ্গে থাকে গোঁয়ার্তুমিক্স, পৃথিবীর একমাত্র কুকুর যে গাছ উপড়ে পড়লে চিৎকার করে কাঁদে।



এটাসেটামিক্স। গ্রামের খুব মান্য পুরোহিত। গাছগাছড়া থেকে তৈরি করেন নানা রকম পানীয়। এর মধ্যে শ্রেষ্ঠ হচ্ছে তাঁর নিজস্ব এক জাদু-শরবত। গলায় ঢাললে শরীরে আসে অতিমানবিক শক্তি। এ ছাড়াও এটাসেটামিক্স জানেন নানা রকম গোপন কৌশল...



এবং বিশালাকৃতিক্স। গ্রামের মহামান্য প্রধান। রাজসিক, সাহসী, রগচটা ও অভিজ্ঞ যোদ্ধা। প্রজারা যেমন শ্রদ্ধা করে, শত্রুরা তেমনই ভয় করে। এঁর একটাই ভয়, আগামীকাল মাথায় না আকাশ ভেঙে পড়ে... তবে নিজেই আবার বলেন, ‘আগামীকাল কখনও আসে না।’



কলরবিক্স। চারণকবি। এঁর সংগীতপ্রতিভা সম্বন্ধে নানা জনের নানা মত। এঁর নিজের বিশ্বাস, ইনি অসামান্য প্রতিভাবান। অন্যেরা ভাবে উলটো। অবশ্য গান-টান না গাইলে, কিংবা মুখ না খুললে এঁর মতো বন্ধু কমই আছে....





যিশুর জন্মের ৫০ বছর আগে। সমস্ত গল দেশ রোমের অধীনে...ঠিক সবটা নয়, এক ছোট্ট গ্রাম এখনও অদম্য। সেই গ্রামের বীর বাসিন্দারা এখনও ঠেকিয়ে রেখেছে বিদেশি আক্রমণকারীদের। গ্রামের কাছাকাছি চারটি রোমান সেনাশিবির : পেতিবোনাম, বাবাওরাম, অ্যাকোয়েরিয়াম ও লোডানাম। শিবির চারটিতে যে রোমান সেনারা বাস করে, তাদের জীবন খুব একটা শান্তিপূর্ণ নয়...



chitrochor.blogspot.in


অ্যাসটেরিক্স, তোমার কি মনে হয় যে এতো বরফে বুনো শুয়োর শিকার করা উচিত না ?
একদম ঠিক। তবে আমরা কিন্তু অয়েস্টার খুঁজতে যেতেই পারি।
ঠিক বলেছ, এটাই তো ফেব্রুয়ারী।
আর ফেব্রুয়ারী তে একটা "র" আছে !
আরে, দ্যাখো ফেব্রুয়ারী তে দুটো "র" আছে।
সে তো আমাদের অয়েস্টারেও আছে!
chitrochor.blogspot.in
ঝড়ের পরে সমুদ্র সৈকতে আসতে আমার দারুন লাগে, সবকিছু ঢেউয়ে এলোমেলো হয়ে থাকে।
এই দ্যাখো, অ্যাসটেরিক্স!
chitrochor.blogspot.in
একটা পুরনো মরচে পড়া শিরস্ত্রাণ, আমার সংগ্রহের জন্য একেবারে উপযুক্ত জিনিষ!
আর একটা পুরানো অ্যাম্ফোরা!
গ্রীক বা ফোনিকান, আমি নিশ্চিত নই কোনটা...
আর একটা বরফের চাঁই, অ্যাসটেরিক্স। এটা কি সত্যি বরফের চাঁই নাকি ?
গররর
অবশ্যই, ওবেলিক্স। মনে আছে ছোটবুদ্ধিক্স কি বলেছিল!
গরর
হ্যাঁ...কিন্তু একটা বরফের চাঁই যার মধ্যে কেউ ভেতর দিয়ে আমার দিকে চেয়ে আছে?
ঘেউ! ঘেউ!
!
chitrochor.blogspot.in



বেচারা লোকটা! জলদি,ওবেলিক্স, জল থেকে ওকে তুলতে আমাকে সাহায্য করো!
তোমার কি মনে হয় ও উত্তর থেকে এদিকে ঘুরতে এসেছে ?
গরর...
এটা ভারী অদ্ভুত! আমাদের অবশ্যই এটা এটাসেটামিক্সকে দেখানো উচিত।
এটা আবার কি ?
দ্যাখো, ওকে চেন দিয়ে বাঁধা আছে।
আমার মতে ও একেবারে বরফ জমে গেছে।
তোমার কিন্তু কখনোই বরফ চক্র ভাঙা উচিত না।
ওতো গলতে শুরু করেছে...
যদি পুরো গলে যায়?
এই প্রাণীটা! আমাকে যেতে দাও!
ছোটবুদ্ধিক্স!এদিকে এসো বলছি!
আমরা ওকে সমুদ্রের ধারে খুঁজে পেলাম,এটাসেটামিক্স।
হ্যাঁ!
দেখেই তো মনে হচ্ছে ও একজন হাইবারনিয়ান।*
* হাইবারনিয়ার বাসিন্দা, এখন আয়ারল্যান্ডে।
কিন্তু ওর বুকে এই অদ্ভুত উল্কি গুলো দ্যাখো...
হয়ত ও একজন ফুটবলার...ওরা বদলির মরসুমে এসব করে।
chitrochor.blogspot.in


না,ওবেলিক্স, নিঃসন্দেহে,আমরা যাকে দেখছি সে সুদুর ক্যাল্ডোনিয়ার* বাসিন্দা একজন পিক্ট!
একজন কি?
একজন পিক্ট!
* স্কটল্যান্ড
তোমরা দাঁড়িয়ে আছো কেন !ওরা যখন পিক্টটাকে তুলে নিয়ে এসেছে তখন তোমরা ওকে পুরোহিতের কুটিরে নিয়ে যাও|
হ্যাঁ, জলদি!
ও কিন্তু পিচ্ছিল...
ওটা কে?
পিক্ট!
ওর কি হতে পারে বলে মনে হচ্ছে, পুরোহিত ?
কে জানে বিশালাকৃতিক্স ?
আমাদের মতোই, আমাদের ক্যাল্ডোনিয়ান ভাইয়েরা বীর যোদ্ধা যারা সর্বদা রোমান আক্রমণ প্রতিরোধ করেছে আর...
হুম! হুম্মম!
আপনাদের সামনে এভাবে অনুপ্রবেশ করার জন্য মাফ চাইছি|
আমি আগে আমার পরিচয় দেই ; স্বল্পসংখ্যাস , আমি এখানে লোকগণনার কাজে এসেছি|
আমার আমি ও আমার সহকারীরা জনগণনা ও তাদের গতিবিধির তালিকা প্রস্তুতের জন্য ঘুরে বেড়াচ্ছি নানা দূরবর্তী প্রদেশে|
ওহ... কোনও সমস্যা হয়েছে ? আমি কি কোনও আচার অনুষ্ঠানে বিঘ্ন ঘটাচ্ছি ?


চিন্তার কোনও কারন নেই! এটা পুরোপুরি প্রশাসনিক তদন্ত। এটার একমাত্র লক্ষ্য হল স্থানীয় মোটা মানুষদের রোগা করা ...
আমি তোকে দেখাচ্ছি মোটা কাকে বলে!
ছেড়ে দাও ওবেলিক্স! এই কেরানিটা শুধু হুকুম তামিল করছে।
আমি এটার প্রমান দিতে পারি!
যাইহোক,স্বল্প উদ্যোগী হওয়ার জন্য আমার সুনাম আছে !
ঠিক আছে,তুমি তোমার জনগণনা করতে পারো,রোমান,কিন্তু জলদি করো আর সতর্কভাবে করো।
আপনার (ঢোক গিলে) অনুরোধ লিপিবদ্ধ করা হল।
এবার সবাই যাও, আর আমাদের পুরোহিতকে বিধ্বস্ত যাত্রী কে দেখার সুযোগ করে দাও।
না,না! আমি পায়ে হেঁটে ঘরে ফিরছি। রাস্তা বেশ পরিষ্কারই আছে!
তোমরা কি নিশ্চিত যে জন-গণনার সময় একসাথে না থেকে আলাদা আলাদা থাকবে?
তোমরা দ্যাখো,ওরা হাজারে হাজারে আসবে, সব বরফে জমে!
শান্ত হও,ছোটবুদ্ধিক্স, একদম চুপ!
বেচারা ছেলেটা! কতো অল্প বয়স! আশাকরি তাড়াতাড়ি সুস্থ হয়ে উঠুক!
আর তেমনি আভিজাত্য! তুমি নতুন ধারার ঐ উল্কিগুলো দেখেছিলে ?
আর ওর ছোট্ট চমৎকার ঘাগরাটা দেখেছিলে!
আমি বলে বাধ্য হচ্ছি,যে আমাদের বিশ্রী নাকের একঘেয়ে গলীয় পুরুষদের দেখার চেয়ে বেশ কদিন মুক্তি পাওয়া যাবে!
হি হি হি হি! একদম ঠিক বলেছ, ব্যাকটেরিয়া।
পফফর!



কয়েক ঘণ্টা পরে।
এবার নাড়ির স্পন্দন ধীরে ধীরে উদ্দীপিত করতে হবে।
হথোন পাতা, তরুরুহা পাতা, ক্যামোমাইল তেল...
ওর এতো তাড়াতাড়ি আসা উচিত নয়।
এবার আমি ক্যামোমাইল তেলের পাত্রটায় যেন কি করলাম?
এর থেকে আমি পাত্রগুলো সমান করা শিখতে পারবো!
...XIV, XV.
এই! এক মিনিট, দাঁড়াও। জনগণনার জন্য।
পদবি, নাম, পেশা। স্থায়ী ও অস্থায়ী বাসস্থান ?
ক্রক।
কিভাবে উচ্চারণ করো ?
ক্রক


জলদি চলো! পিক্ট পালিয়েছে!
পিক্টের পায়ের ছাপ দেখে ওকে খোঁজা বেশ প্যাঁচালো কাজ,তাই না, অ্যাসটেরিক্স ?
যাইহোক এর থেকে এটা বোঝা যাচ্ছে যে ও সুস্থ বোধ করছে।
আমি এ ব্যাপারে একমত!
chitrochor.blogspot.in
শশ! ও নিজের গল্প বলছে।
চার!
হাওয়া ?
ঘূর্ণিঝড়?
মাশরুম ?
অনেক দূরে!
অন্য কোথাও!
কম্পেন্ডিয়ামের কাছে!
বিজয়!
আনন্দোৎসব!
গাছের ছাল!
chitrochor.blogspot.in
উম...
কি বলছে...
আরেকবার প্রথম থেকে শুরু করো...
আমি বুঝে গেছি! একটা সাজ্ঘাতিক গল্প! ও ঠিক চারটের সময় মাশরুম খাচ্ছিল তখন ওর পেটে গুড়গুড় শুরু হয়।
chitrochor.blogspot.in


হে পিক্ট ! রোমানদের সঙ্গে তোমাদের যুদ্ধের জন্য নিজেকে দায়ী কোর না।
এখন থেকে আমাদের বাড়ি তোমার বাড়ি! তবে বলি শোন, আমাদের গলদের কাছে পাগলাগারদের অধিকার মানে অনেক কিছু !
হুহ! তুমি আর তোমার ঐ বেকার ভাষণ!
তুমি ওর চোখে দেখতে পাচ্ছ না,যে ও আমাদের একটা করুন প্রেমকাহিনী বলতে চাইছে ?
হে পিক্ট! আমাদের দেখাও তুমি তোমার এই ছোট্ট হাতে কি মুঠো করে ধরে আছো।
ওওওওহ! আপত্তিকা ঠিক বলেছে!
একটা সোনার আংটি!
এটা কি মূকাভিনয়ের অংশ,নাকি ?
ওহ,কি সুন্দর! কি মিষ্টি!
এক আসল নর্ডিক প্রেমগাথা!
হতেপারে, কিন্তু এর সাথে মাশরুমের কি সম্পর্ক?
সাবধান! ও আবার জমে যাচ্ছে!
জলদি,ওকে পুরোহিতের কাছে নিয়ে যাও !
না! সবাই দলবেঁধে থাকো !
কিন্তু...কিন্তু আমার ভাষণের কি হবে ?
এটাসেটামিক্স, আমরা ওকে খুঁজে পেয়েছি!
তোমাকে কিছু বলতে হবে না! আমি নিশ্চিত ছিলাম যে এটা এখানেই আছে।
chitrochor.blogspot.in



গ্রামে ধীরে ধীরে তার প্রতি ভালোবাসা বেড়ে উঠতে থাকে...
আমি ওর জন্য একটা সুন্দর কেক বানিয়েছি!
আমি বেশ কিছু তাজা মাছ নিয়ে এসেছি।
আর এই নাও ওর শিকল কাটার যন্ত্রপাতি।
তুমি আমাকে কেক দেবে না, আপত্তিকা ?
তুমি যথেষ্ট মোটা হয়েছ !
chitrochor.blogspot.in
আমার মনে হয় তুমি ওই পিক্টটার বেশি যত্নআত্তি করছ।
হতে পারে। ওকে দেখলে আমার আবছা আবছা কাউকে মনে পড়ে যায়।
তুমি কি বলতে চাইছ, তোমার কার কথা মনে পড়ে ?
ওকে দেখলে আমার লালচুলো এক যুবক যোদ্ধার কথা মনে পড়ে, অনেকদিন আগে যে আমার স্বপ্নে আসতো।
POF POF POF
লালচুলো এক যুবক যোদ্ধা ?কে এই লালচুলো যুবক যোদ্ধা ?
আমি এখন জানি না... তখন তো সে এতো মোটা ছিল না।
chitrochor.blogspot.in
9A
???
ওরা সবাই একইরকমের, আপত্তিকা ! আমারটা তো মাছ ছাড়া আর কিছু ভাবতেই পারেনা !
আর আমারটা হাতুড়ি মারা ছাড়া আর কিছু বোঝে না...
তাহলে আপনিই হলেন হতাশিক্স, তাই না দলপতি
তাই তো মনে হচ্ছে।
chitrochor.blogspot.in
ইতিমধ্যে...
ও করুণভাবে আংটির দিকে চেয়ে আছে এটাসেটামিক্স।
তুমি কি তোমার গ্রামে ফিরে যেতে চাও,ভাই?
ও কিছু বলতে পারবে না, ওবেলিক্স। ও গলার স্বর হারিয়েছে।
এই পানীয়টি পান করো,হে পিক্ট।
গন্ধটা বেশ ভালো। আমি কি একটু পেতে পারি ?
chitrochor.blogspot.in
9B




যাইহোক,ও সবকিছু বুঝতে পারছে বলে মনে হচ্ছে...
ও বোকা নয়,শুধু স্বর হারিয়েছে।
?
বেশ,ভয়ের কোন কারন নেই; এটা পেট গুড়গুড়ের আওয়াজ। জটিল কিছু না, কিন্তু চিকিৎসায় কিছুদিন সময় লাগবে।
?
কিছুদিনের সেবা শুশ্রূষার ফলে বিধ্বস্ত যাত্রীর অবস্থার উন্নতি হতে থাকে ...
কেবল মাঝেমাঝে কিছু অসুবিধা ছাড়া...
ও আবার জমে গেছে!
...ও বীরের মতো নিজের গল্প বলতে চেষ্টা করে...
?! এহ... এটা কি হচ্ছে, এটাসেটামিক্স?
ঠিক জানি না। ভারী অদ্ভুত!
পেট গুড়গুড় করছে ?
ঘেউ!
ঘেউ!
chitrochor.blogspot.in



কিন্তু রাতের বেলায়...
বেচারা,ও জানে না যে কোথায় আছে| তাই তারা গুনছে...
আমাদের ওকে গ্রামে ফিরতে সাহায্য করা উচিত, এটাসেটামিক্স!
জানি,অ্যাসটেরিক্স| কিন্তু সেজন্য তো ও কোথা থেকে এসেছে ,তা আগে আমাদের জানাতে হবে|
পিক্টদের গ্রাম কি তারাদের মতো অতো দূরে ?
পরের দিন...
আর রাত হলেই, ও বিষণ্ণ মুখে আকাশের দিকে চেয়ে থাকে!
প্রেম কি মধুর ?
আমি নিশ্চিত যে ও ওর প্রেমিকাকে খুঁজছে!
এসব অনেক হয়েছে ! আমাদের পত্নিদের যতো ভালোবাসা সব ওই পিক্টের প্রতি!
প্রত্যেকেই শুধু ওই পিক্টের কথাই বলছে!
সবারই ওকেই পছন্দ,কেন আমার কাছে জানতে চেও না!
চলো প্রধানের কাছে নালিশ করি !
ওহ, ভালোই হল,আপনারা এখানে! আমি চাই আপনারা আমাকে আপনাদের গোষ্ঠীর জীবনযাত্রার গভীরতা বুঝতে সাহায্য করুন!
মমম্বল
তবে শোন,ভাইসব,শান্ত হও! তোমরা তো জানোই আমরা আমাদের অতিথিকে পাগলাগারদের অধিকার দিয়ে থাকি,আর...
পাগলাগারদ বলতে মনে পড়লো,আমি কি সেখানেই আছি ?
আমার জ্বর কমলো,আর দেখি আমি এই পোশাক পরে আছি! এটাই কি লেটেস্ট ফ্যাশান নাকি ?




chitrochor.blogspot.in



সেই মতো, শরতের সুন্দর সকালে, বিদায়ের বেলা চলে আসে...
না, ওবেলিক্স! এতো ঝক্কি করে মেনহির নিয়ে যাওয়ার কোনও মানে হয় না!
অ্যাস্টেরিক্স, আমি তোমাকে কিছুটা জাদু পানীয় আর একপাত্র মহৌষধী দিচ্ছি আমাদের বন্ধু পিক্টের জন্য। এক চামচ করে সকালে ও সন্ধ্যায় খাওয়াবে।
ঠিক আছে, পুরোহিত।
গোঁয়ার্তুমিক্স এতো বড়ো অভিযানে যাওয়ার মতো বড় হয়নি এখনো। তাই ওকে তোমার কাছে রেখে যাচ্ছি, এটাসেটামিক্স। সকালে ও সন্ধ্যায় একটা করে হাড় খাওয়াবে।
আমি বলেছিলাম যে আমাকে এই পোষাকে কিম্ভূত দেখাচ্ছে !
একদমই নয়, বরং এতে তোমাকে রোগা লাগছে! আর তুমি দেখতেই পাচ্ছ এতে আমাদের অতিথি কতো আনন্দ পাচ্ছে।
আমি জানি বোকাবোকা লাগছে, কিন্তু আমার নিজের হাঁটুগুলো খুবই অপছন্দের।
আর আমার তো ঠাণ্ডা লাগলে সবসময় আমার পা-কাঁপা থেকেই শুরু হয়।
ওসবে কান দিও না, বুদ্ধিক্স সোনা! তোমায় সবকিছুতেই ভালো লাগে!
SMACK!
এবার আমার গণনাটা আপ টু ডেট করে নেইঃ তিন যোদ্ধা বাদ যাবে, একটা কুত্তুয়া যোগ হবে...কেন যে এরা সবসময় এদিকে ওদিকে ঘুরে বেড়ায়!
দাঁড়াও! দাঁড়াও! আমি তোমাদের বিদায়ের জন্য দু-ধাপ ক্যালেডোনিয়ান বিদায় সঙ্গীত বেধেছি!
ঠক!
ঝপাশ!
কি হলো ?
ও আবার এক ধাপ ফসকেছে।




পিক্টদের গ্রাম কতো দূরে? আমি কি হাল ধরতে পারি, অ্যাস্টেরিক্স? আমি বিরক্ত হয়ে যাচ্ছি।
না, ওবেলিক্স!
আমি অরুচিক্স কে কথা দিয়েছি ওর নতুন নৌকা ঠিকমতো ওকে ফেরত দেবো।
তার মানে আমার মেনহির নিয়ে ঘুরে বেড়ানো ছাড়া আর কোনও কাজ নেই, তাই না?
chitrochor.blogspot.in
আরে, দেখ! তীরের দিকে একটা জাহাজ দেখা যাচ্ছে!
দেখেছো! এখন তুমিই কথা ঘোরাচ্ছ!
হয়ত ওতে আমাদের ব্রিটন ভাইয়েরা আছে?
না, দেখ, ওটা একটা দস্যু জাহাজ!
chitrochor.blogspot.in
14A
ওটা কাজে দিয়েছে! লুঘের দিব্যি! মহৌষধী আমার ওপরে কাজ করেছে! আমি কথা বলছি!
আমি কথা বলছি! আমি কথা বলছি!
শুনতে পাচ্ছ? আমি কথা বলছি!
আমি কথাবলছি!
বাঁচাও, বাঁচাও! আবার গলেরা! ছাগলের দল! গলেরা সোজা এই দিকেই আসছে!
আহ আহ আআআহ! আমি কথা বলছি! আমি কথা বলছি!
ও কথা বলছে!
তাতে তোমার বাপের কি! ওদিকে একদম তাকাবে না, আর বোবা-কালার ভান করো!
chitrochor.blogspot.in
আরে বন্ধুরা! আমি খুব আনন্দ পেয়েছি যে আমরা কথা বলতে পারছি! আমার নাম ম্যাকারুন, আমার তোমাদের অনেক কিছু বলার আছে!
চলো আগে এই দস্যু গুলোর সাথে মজা করি?
না, না। তোমার বন্ধুকে ওর গল্প বলতে দাও! কোনও তাড়া নেই! নাআআআ! আগে বন্ধুরা!
বন্ধুরা, রোমানরা প্রথমে!
chitrochor.blogspot.in
14B




chitrochor.blogspot.in




chitrochor.blogspot.in



ইতিমধ্যে...
আর এটা হল লক অ্যান্ড্রোল! লাল হাঁসের ডাক আর ম্যাকমাফিনের মধুর গান আবার শুনে কি আনন্দ লাগছে!
ক্যামোমিলা কি আমাকে ভুলে গেছে ? নেসির দিব্যি! কে জানে আমি যাওয়ার পর কতো সময় পেরিয়ে গেছে?
chitrochor.blogspot.in
ও যে এতো বকবক করছে,এটা কি স্বাভাবিক,অ্যাসটেরিক্স ?
এটা মহৌষধীর পার্শ্ব প্রতিক্রিয়া হতে পারে।
ম্যাকারুন তুমি যে নেসির কথা বলছিলে,সেটা কে ?
লকের রক্ষক আর আমাদের প্রিয় জন্তু ,অ্যাসটেরিক্স।
তোমরা নিজেরা যে যার কাজ করবে। ও যেমন আসে তেমনি আসবে আর স্যালমন মাছগুলোকে আমাদের গোষ্ঠীর জালের দিকে ধেয়ে নিয়ে আসবে।
তাই নাকি!
chitrochor.blogspot.in
17A
ভোঁদড়ের মতো জন্তু নিশ্চয়ই।
chitrochor.blogspot.in
17B



chitrochor.blogspot.in


শুনতে পাচ্ছ ? আমার মনে হচ্ছে ওর আবার পেট গুড়গুড় করছে।
শশশ, চুপ, ওবেলিক্স ! এটা হয় জলদি ঠিক হয়ে যাবে। দেখা যাক...
আমরা নদীর পাড়ে থামবো আর আমাদের গ্রাম পর্যন্ত হেঁটে যাবো, যাতে মাক্কাবিসেরা আমাদের না দেখতে না পায়।
এদের দেশের ভোঁদড় গুলো বিশাল বড়ো আকারের...আমার এদের বুনো শুয়োরগুলো দেখার জন্য আর তর সইছে না!
কিন্তু ঠিক সেই সময়ে, নদীর অন্য তীরে ...
আমি যা দেখছি তুমিও কি তাই দেখছ, ম্যাকাব্রে ?
হ্যাঁ, ম্যাকাচিনেশাস। নদীর ওপারের ছেলেটাকে দেখলে, যে কেউ ম্যাকারুনই ভাববে।
কিন্তু তুমি তো জানোই, এটা অসম্ভব... ম্যাকারুন তো শেষ কেবারে সমুদ্র নরকে চলে গেছে। *
এটা ও হতে বাধ্য। আমি ওদের গোষ্ঠীর সাঙ্ঘাতিক সবুজ ঘাঘরা দেখে আমি চিনতে ওকে পেরেছি।
* সেলটিক দের নরকের দেবতা
চলো মাক্কাবেয়াস কে গিয়ে এই অশুভ সঙ্কেতের কথা বলি।
বাজের* দিব্যি, এতে নরক জেগে উঠবে!
* গুঞ্জন ও মৌমাছির দেবতা
19A
এসো আমার পেয়ালা ভরো, এসো আমার পাত্র ভরো, মোষের পিঠে চড়ে এসো আর লোকজন সব নিয়ে এসো!
?
?
এটা আমাদের গোষ্ঠীর সমবেত সঙ্গিত।
ওর আবার পেট গুড়গুড় করছে। আমি বলেছিলাম না!
আমার হৃদয় আনন্দে ডগমগ করছে যখনি আমি আমার প্রিয়তমা উইলো ফুলের কথা মনে করছি !
আরিব্বাস! বিশাল ছুঁচো!
?
আহ, না, ওগুলো আমাদের পোষা মোষ।
19B



আরে এই পথ নিদেশ গুলো দেখ! বেশ মজার!
আর এগুলো কুয়াশার সময়ে বেশ কাজে লাগে !
chitrochor.blogspot.in
এটার মানে কি ?
আমরা ওটাকে গোলচক্কর বলি। এটা জোরে তাড়া করা লোকেদের বিপথে পাঠানোর জন্য।
201
ঠিক সেই সময়ে...
কবে থেকে মৃতেরা জীবিত হয়ে উঠছে ?
chitrochor.blogspot.in
সবকটা কুসংস্কারাচ্ছন্ন! এগুলো শুনলে আমাদের রোমান বন্ধুরা কি ভাববে? ওরা এই ভেবে অবাক হবে যে এই যুগে থেকেও তোমরা কতোটা পিছিয়ে আছো!
কিন্তু ওটা ওই ছিল, হে মাক্কাবেয়াস! নদীর ওপারে আমরা ম্যাকারুনের ভুত দেখেছি।
...আর ওর সঙ্গে অলৌকিক পোষাক পরা দুজন সঙ্গী ছিল ওরা অন্য দুনিয়া থেকে এসেছিলো!
ওদের মধ্যে একজন মোটা ছিল, ও একটা মজাদার ঘাঘরা পরে ছিল...
...চৌকো নয়,আড়াআড়ি **ফালি করা নক্সা**!
20B
অনেকটা...**ফালি করা নক্সা**?
অন্য দুনিয়ার লোকেরাই এইসব ভয়ংকর কাপড় পরার ক্ষমতা রাখে!
chitrochor.blogspot.in
হুম্ম, ঠিক আছে! যাইহোক, দেখ ওই পাড়ের গ্রামে কি হচ্ছে আমাকে তার খবর দাও।
20C


ঠিক সেইসময়ে, অন্যদিকে...
আর এই হল আমাদের গ্রাম!
ক্রককা ক্রককা ক্রককা
কেমন? আমি আমাদের সমবেত সঙ্গিত বানালাম?
শশশ শশশসজ্জজ জজইইইইইইইইইইই...
দেখ... লোকজন সাড়া দিচ্ছে!
আমার তো এটাকে শিষ বলে মনে হচ্ছে...
?!
উইইইইইইই...
ধড়াম
আহা! ভয় পেও না! এটা আমাদের এখানের জনপ্রিয় খেলা,এটাকে গুড়ি ছোড়া বলে!
আমিও খেলতে পারি ? আমিও খেলবো ?
chitrochor.blogspot.in



ওবেলিক্স, নাআআআআ!
প্রতিবারের মতোই, ওবেলিক্স মশায়ের আগে পিছে কিছু না ভেবে কাজ করা।
আর প্রতিবারের মতোই , অ্যাসটেরিক্স মশাই পরের ওপরে বেশি দরদ !
তোমাদের মধ্যে কে গুড়ি ছুঁড়েছিল ?
ম্যাকারুন? মহান গ্রিসেল আমার সঙ্গে মজা করছেন না তো ! সত্যি কি এটা তুমি ?
খুদেম্যাক, আমার ছোট্ট ভাই! না! আমি -হিক্ হুপ- আমি স্বপ্ন দেখছি! এটা অসম্ভব!
নেসির দিব্যি, ভাগ্য কি নিষ্ঠুর! এখন সবকিছু পরিষ্কার বুঝতে পারছি !
?
আমি বরফের মধ্যে বছরের পর বছর কাটিয়ে দিয়েছি, আর আমার ছোট্ট ভাই এখন বুড়ো হয়ে গেছে !
?
না, না তুমি একেবারে ভুল ভাবছ। আমি তোমার বড়ো কাকা ম্যাক্লারেন,আর এই হল খুদে ম্যাক!
আরে, বড় ভাই!
আমাদের পুরোহিত তোমার ফিরে আসার ভবিষ্যতবাণী করেছিল !
?
ককরকক
এটা অলৌকিক! চলো যাই আর পুরো গ্রামকে জানাই!
ক্রককা ক্রককা ক্রককা
দাঁড়াও! দাঁড়াও! দেখো আমার সঙ্গিত কাজে দিয়েছে!
হ্যাঁ,হ্যাঁ! ওতেই হবে, ওবেলিক্স। জলদি এসো!



chitrochor.blogspot.in


ওবেলিক্স, পুরনো বন্ধু আমার, কাউকে না মারলে বুঝি তোমার শান্তি হয় না,না ?
ঠিক,তাই ? তাহলে অ্যাসটেরিক্স মশায় পার্বত্য অঞ্চলের খেলা খেলার অনুমতি দেবেন না, তাই না ?
ঘন কুয়াশার মধ্যে নৌকার ওপরে গুঁড়ি পড়া ! এটা একদম স্বাভাবিক নয়!
অনেক হয়েছে! চলো ফিরে যাই। আমরা বলবো যে রাস্তা খুঁজে পাইনি।
এরমধ্যে,লকের অন্য তীরে,রোমানরা এগিয়ে চলেছে...
প্রায় পৌঁছে গেছি, প্রতারকিয়াস। আমি সেনাদের সঙ্গে কথা বলবো।
সেনাবাহিনী! তোমাদের আবার মনে করিয়ে দেই, আমরা খুব গোপন এক অভিযানে এসেছি এই পিক্টদের এলাকায়!
24A
কি ? জোরে বলুন,আমরা পেছন থেকে আপনার কথা শুনতে পাচ্ছি না।
আমরা প্রধান মাক্কাবেয়াসের আমন্ত্রনে এখানে এসেছি,তিনি হলেন একজন দূরদর্শী দলপতি যিনি রোমের সঙ্গে মিত্রতা করতে ইচ্ছুক!
ঘর আমার ঘর। আমার ঘুরে বেড়ানো একদমি অপছন্দের।
আর তাই,সেনারা,আমি তোমাদের থেকে ভালো আচরণ আশা করবো। আমাদের গোপন সঙ্কেত হল সাহসী ও নির্ভীক!
চলো যাই,তবে!
পায়েস ও কাবাব শিক ? এটা কেমন যেন,ঠিকঠাক শোনাচ্ছে। কি বল, বন্ধুরা?
24B




ম্যাকারুনের ঘরে ফেরা উপলক্ষ্যে ভোজসভার আয়োজন করা হল...
এটা দারুন হয়েছে, ম্যাকমা। কি এটা?
স্যালমনের ঝোল। আর এরপর আছে ম্যাকারেলের মালাইকারী।
আর এইভাবে আমি আমার একহাত ছাড়ালাম, কিন্তু স্রোত আমাকে আরও উত্তরের দিকে নিয়ে চলতে লাগলো...
ম্যাকমা... কোমাকা... কমরেড!
শশ্! শোন!
আমাদের পুরোহিত কিছু বলতে চাইছে।
আমি তোমাদের বলেছিলাম যে ম্যাকারুন ফিরে আসবে? মনে পড়ে? হিক! আমি **জাদুর সুরাপানির** ওপরে ওর প্রতিচ্ছবি দেখতে পেয়েছিলাম!
হ্যাঁ।
একদম ঠিক।
ম্যাক্রো-বায়োটিক্স বলেছিল, বটে!
আমি বরফের চাঁই দেখেছিলাম...হিক! বিশাল বড়ো বরফের চাঁই ভেসে যাচ্ছে।
সুরাপানিটা কি?
এটা আমাদের জাতীয় পানীয়, গাঁজানো সুরা দিয়ে তৈরী। এটাই জীবন। এটা খুব কড়া!
25A
এটার জন্যই তো আমি বরফের মধ্যে বেঁচে ছিলাম। আমরা এটা অনেকটা জল মিশিয়ে পান করি, কিন্তু মাক্কাবিসেরা অতিরিক্ত পান করে।
ব্যাঁআআআআআআনী
বুম বুম ধুমতাকধুম, ধুমতাকধুম দুস্টু খোকা গাছের মগডালে, যখন হাওয়া বইবে, সকালে তুমি পড়ে যাবে লকের জলে
আহ, লক অ্যান্ড্রলের সুর বাজাচ্ছে আমাদের চারণকবি!
খাবার সময় এতো শব্দ করা উচিত না...একদম অনুচিত!
ওবেলিক্স!
**কারো গায়ে হাত তোলার আগে একটু ভাবনা চিন্তা করো।** এরা হয়তো ওদের চারণকবিকে আমাদের চারনকবির থেকে বেশি সন্মান করে।
তোমার তাই মনে হয়, নাকি?
হ্যাঁ...এখানে ওরা সাধারনত হাততালি দিয়ে থাকে।
**বেশ!** দেখলে?
25B




chitrochor.blogspot.in




chitrochor.blogspot.in



chitrochor.blogspot.in



রাতের বেলায়...
আমি পান করেছি- হিক!- ওখানে আরেকজন হবে, আমিও গলেদের সাহায্য করতে চাই!
ম্যাকারুন কে দেখো। তোমরা সাবধানে থেকো!
হ্যাঁ, দেখে শুনে - হিক! এই সুরাপানিটা বিশ্বাসঘাতক!
শশ্‌শ্‌! আস্তে কথা বল, ম্যাক্রোবায়োটিক্স!
যে দ্বীপটাতে অনুষ্ঠান হবে সেটা ওই দ্বীপটা।
মেনহির সরবরাহ করার এক অদ্ভুত যায়গা!
chitrochor.blogspot.in
নেসি? কিরে! এখানে আছিস?
ওই থলেটা! নেসি, ওই থলেটা! নিয়ে এসো!
ফচ্‌ফচ্‌চ্চচ
আমার গোঁয়ার্তুমিক্স ও জিনিষ খুঁজে নিয়ে আসে।
29A
আরে, ধ্যাত! এটা তো একসেট ব্যাগপাইপস্‌!
আমি ঠিক যেটা ভয় করছিলাম!
ও বুঝতে পেরেছে, দেখো আবার ডুব মারছে!
আমার গোঁয়ার্তুমিক্স ও কথা বুঝতে পারে!
এহ... এগুলোও না, নেসি এগুলো তো ঝাড়ু!
এহ ?!
আমার গোঁয়ার্তুমিক্স এসব অনেক জলদি বুঝতে পারে !
29B



chitrochor.blogspot.in



আমার সাথে এসো, ওবেলিক্স। আমি ওপরে যাওয়ার একটা রাস্তা দেখেছি...
এটাতে আমাকে বেশ মানাচ্ছে, তাই না?
আমি এদিক থেকে শব্দ শুনতে পাচ্ছি। চলো দেখা যাক...
কয়েকটা গ্যালারী পরেই...
“পায়েস্ আর কাবাব শিক” - আমি বলছি!
আমরা যেই এখানে এলাম ওরা আমাদের এই ইঁদুরের গর্তে দ্বাররক্ষী কাজে লাগিয়ে দিল!
“গোপন অভিযান” না ছাই!
ওরা কি যেন বলে “শব্দ চক্র”!
আমি আমার তুতোভাই স্বল্পসংখ্যাস্কে, কথা দিয়েছি, সে এখন গলে জনগণনার কাজ করছে। অন্তত সে একটা আরামের কাজ পেয়েছে!
31A
নিশ্চিতভাবে তখনি, অনেক অনেক দূরে...
না তোমার কোনও তালিকা বানানোর দরকার নেই! বুঝলে কোনও তালিকা বানানোর দরকার নেই!
দুম দুম দুম
হাতুড়িক্স! কামারে আর ঘা মেরে কাজ নেই, এসো ঘুমোতে এসো!
হ্যাঁ, পরিদর্শিয়াস,কিন্তু মনে রেখো গলেরা সবসময় এতো সাধাসিধে হয় না। এই আমাদের টোটোরামে গ্যারিসনের কথাই ধরো না!
হো,হো, হ্যাঁ! পাগলদের গ্রাম সেইসঙ্গে সেই রাগী বাঁটকুলটা আর মোটা হাতিটা! ওদের কি যেন নাম ছিল?
?!
অ্যাস্টেরিক্স আর ওবেলিক্স।
ও কিন্তু মোটা নয়।
31B


ঠকাস!
চটাস!
রোমানরা ক্যান্ডোনিয়ায়? এটা কিন্তু অদ্ভুত!
ওরাও হয়তো সুড়ঙ্গের মধ্যে দিয়ে এসেছে।
আবার যদি তুমি এসে থাকো, আমি সাবধান করছি, তুমি তোমার সময় নষ্ট করছ!
ইতিমধ্যে, অনেক উঁচুতে...
তোমার বাসাটা বেশ খাসা, হে মাক্কাবেয়াস!
হ্যাঁ, আমার এটা বেশ পছন্দ হয়েছে। এটা বেশ ভালো।
মাফ করো, এক মিনিট! কি হয়েছে, তোমরা দুজন ?
এহ...আমরা আমাদের হবু রানীকে দেখে এলাম, হে মাক্কাবেয়াস...
উনি তো উপরেই আসতে চাইছেন না।
আমার মনে হয় উনি এখনো এই বিয়ের প্রস্তাবটা ঠিক মেনে নিতে পারছেন না, হে দলপতি
আমার আর তর সইছে না! ও যখন আমাকে বাঁধা দেওয়ার অভিনয় করে, আমার দারুন লাগে!
ঠিক আছে। ওকে ওর মতো ভাবতে দাও। ম্যাগ্নানিমাস মাক্কাবেয়াস সর্বদা ওর দরজা খুলেই রাখবে...
ক্যামোমিলা! আমরা একটা জাদুপাত্র খুঁজছিলাম, আমরা ভাবলাম যে তুমি হয়ত কিছু জানতে পারো ...
তোমরা তো অন্তত ভদ্রভাবে কথা বল!
অবশেষে, বেশ কিছুক্ষণ বোঝানোর পর...
ম্যাকারুন বেঁচে আছে!
আর তোমরা সেই জাদুর গলেরা, যাদের কথা ম্যাক্রোবায়োটিক্স ভবিষ্যতবাণী করেছিল! ওহ, কি ভাগ্য! আমাকে সব খুলে বলো...
এহ...চলো প্রথমে কারারক্ষী গুলোকে বাঁধি, না হলে ওরা ঘণ্টি বাজিয়ে দেবে!
32A
32B
chitrochor.blogspot.in


যাইহোক,এগুলো প্রথম শুরু হয়,যখন আমরা অয়েস্টার খুঁজছিলাম...
ওবেলিক্স,তুমি তোমার গল্প পরে বলবে! দেরি করে কাজ নেই!
আমি ওর দিকে গেলামঃ ও বরফের মধ্যে থেকে আমার দিকে চেয়ে ছিল!
তুঁতের শপথ,আমি নিশ্চিত, আগেরবার এইদিক দিয়েই এসেছি!
chitrochor.blogspot.in
তারপর পুরোহিত বলল,"এটা বেশি ভয়ের কিছু নয়, ওর একটু পেট গুড়গুড় করছে"...
ওবেলিক্স,তোমার কি মনোযোগ দিতে কষ্ট হচ্ছে,সুরঙ্গটা কোনদিকে ?
সুরঙ্গ ? সেটা তো আমরা তো এক্ষুনি পেরিয়ে এলাম!
chitrochor.blogspot.in
33A
কি ? আর এবার তুমি এখন সেটা বলবে!
আমি হবু রানীর সাথে কথা বলছিলাম, বুঝলে অ্যাসটেরিক্স মশাই!
আমি তোমাকে ভদ্রভাবে কথা বলতে বলছি, বুঝলে শ্রীমান ওবেলিক্স !
হবু রানী ও আমার তোমার কাছে কোন উপদেশ নেওয়ার প্রয়োজন নেই। যদিও অ্যাসটেরিক্স মশাইয়ের উপদেশ দিতে ভালোবাসে।
?
chitrochor.blogspot.in
"নৌকা চালিও না, গুঁড়ি ফেলো না, চারণকবিকে মেরো না আর বকবক আর..."
একদম চোপ, ওবেলিক্স। বড্ড জোরে কোথাগুলো প্রতিফলন হচ্ছে।
জলদি! এদিকে দেখো! এই সুরঙ্গটা নিচের দিকে যাচ্ছে!
খক্ খক্
আর তারপর নিচের দিকে যাত্রা শুরু হল
ভোম্বল কোথাকার, আমি চেচিয়ে বললে, আবার শোনা যাবে...
ওবেলিক্স, তুমি কিন্তু আমাকে রাগিয়ে দিচ্ছো!
এটা দিয়ে নিশ্চয়ই লকের তীরে কোথাও ওঠা যাবে!
chitrochor.blogspot.in
33B



এরমধ্যে...
আমাদের পরিকল্পনা ঠিক আছে তো, সেঞ্চুরিয়ান প্রতারকিয়াস ?
একদম নির্ভুল,হে ম্যাকভিয়াস আমাদের পুরোহিত! আমাকে আর একটু দেবে,হিক্ ...
তুমি যখন এসব ঘোষণা করেছিলে,যদি কোনও দলপতি উপস্থিত না থাকে ও আমাদের সাথে সম্মত না হয়, তবে আমাদের সেনাবাহিনী হস্তক্ষেপ করবে ও তাদের গ্রেপ্তার করা হবে!
দ্রুততা, দক্ষতা, সংযম, তুতের শপথ!
চমৎকার! চলো একসাথে এই নতুন দেশ গড়বার আনন্দে পান করা যাক!
নতুন - হিক- **নতুন ক্যাল্ডোনিরা! আহা হা!**
ভয় নেই,রোমান ! **মাক্কাবেয়াস রেক্স** অকৃতজ্ঞ নয়!
ব্রিটেনকে ঝাড়ু মেরে,এই উত্তম, সিজারের বাহিনীতে **গলদেরও কুচকাওয়াজ** করাবে !
PFROU!
এহ্...মাফ করো, কিন্তু গলেরা এমনিতেই রোমানদের অধিনে...
বলতে গেলে অনেকটা তেমনি।
অবশ্যই, অবশ্যই। আমরা এইসব ছোট্ট খুঁটিনাটি নিয়ে পরে আলোচনা করবো। আরেকটু সুরাপানি?
ধন্যবাদ -হিক- শুধু এক ফোঁটা!
আমরা কর্মরত!
তোমরা কি কিছু দেখতে পাচ্ছ?
আঁই আঁই !
আমি যতোই মনোযোগ দেইনা কেন,কিচ্ছু দেখতে পাচ্ছি না!
হায়রে আমাদের তুঁতোভায়েরা! যদি ওরা আর কখনো ফিরে না আসে ?


দিনের প্রারম্ভে...নতুন রাজা নির্বাচনের অনুষ্ঠানের ঠিক আগে লকের মাঝখানের দ্বীপটাতে চরম উত্তেজনা লক্ষ্য করা যাচ্ছে...
রাআনীইঈ
বম বম
বম
পিপ্‌ফিপপ্‌
ব্যাঅ্যাঅ্যা
ব্যাঅ্যাঅ্যা
...এতে আশেপাশের কিছু স্থানীয় অধিবাসীদের মধ্যে বিভ্রান্তি দেখা যাচ্ছে...
chitrochor.blogspot.in
সমস্ত গোষ্ঠীর প্রধানেরা এসেছে। সমতলবাসী পিক্ট, বনবাসী পিক্ট, ভুঁড়িদাশ পিক্ট, ছোপছোপে পিক্ট, হাসিমুখো পিক্ট, হলদে জলা পিক্ট...তোমরা ওদের এককথায় বলতে পারো একদল পিক্ট।
এমনকি মহান ফ্যাঁকাসে পিক্টরাও এসেছে।
ফ্যাঁকাসেরা বেশ অভিজাত।
হ্যাঁ, তবে ওদের গায়েও দাগ আছে।
35A
মাক্কাবেয়াস আর তার সমর্থকেরা আগেভাগেই...
...ভিড়ের সাথে মিশে ভোট জেতার জন্য সুরাপানি খাইয়ে অন্যদের দলে টানছিল...
মাক্কাবেয়াসের নামে পান করো।
মাক্কাবেয়াস তোমাদের ভালো করবে!
তাদের প্রধানকে জেতানোর উদ্দেশ্যে!
একজন প্রার্থীর সিজ্ঞাসন দাবি করার ভোটের পদ্ধতিটা ছিল একটু জটিল। প্রথমে আসে স্বাধীন প্রার্থীরা...
তোমরা তো আমাকে চেনই, বন্ধুরা। আমি কোনও গোষ্ঠীর অংশ নই...
কিন্তু দলের প্রধানদের বাতিল করার অধিকার ছিল...
এমনকি কিছু পিক্টদের কাছে এটা যথেষ্ট শক্ত বলেই মনে হয়।
ধড়াম!
35B




আর তোমরা তো আমাকে চেনই, বন্ধুরা! আমি শুধু মিথ্যে ভাষণ দেই না | আমাকে দলপতি হিসাবে বেছে নাও, আমরা তবে দারুন সূচনা করতে পারবো!
ধড়াম!
এই প্রার্থীগুলো পুরো মাথাই নষ্ট করে দেয়!
আশাকরি পরেরটা এর থেকে ভালো হবে|
কাঠ ছোঁয়া!
আর এবার মাক্কাবেয়াস ভাষণ শুরু করে...
তোমরা তো আমাকে চেনই, পিক্ট! তোমরা জানোই সদ্য প্রয়াত রাজা দ্বিতীয় ভালোম্যাকের কতো কাছের লোক ছিলাম, আমি!
chitrochor.blogspot.in
আর তার আমার ওপরে বিশ্বাস স্বরূপ, আমি তার পালিত কন্যা সুন্দরী ক্যামোমিলার দায়ভার নিজের কাধে তুলে নেবো?
এই... হিপ, হপ!
এটা মিথ্যে কথা!
ম্যাকারুন?!
ম্যাকারুন বেঁচে আছে ?
কিন্তু ওতো ডুবে গেছিলো...ও তলিয়ে গেছিলো না?
এইবারে ঘটনাটা মাছের মতো মোচড় দেবে!
ম্যাকারুন? এটা অসম্ভব। কেন, আমি নিজে...
এর, কি করে হতে পারে?
ধা...ধাক্কা মেরে লকের জলে ফেলেছিলে, এটাই বলতে চাচ্ছ?
ঠিক বলেছ, সোনা ছেলে! চালিয়ে যাও!




এই লোকটা...এই লোকটা ম্যাকারুন না! ও একটা প্রতারক! ওর কথাও ম্যাকারুনের মতো নয় !
তুমি ওকে বুঝিয়ে দাও তো, খোকা! কথা বলে ওর কথা বন্ধ করে দাও!
তোকে পারতেই হবে!
কি হলো, উত্তর দাও, ম্যাকারুন! তুমি কি ম্যাকারুন না ম্যাকারুন না ?
তোমার নাম বলো, ম্যাকারুন!
এটাই সুযোগ, এখনি বলে ফেল!
chitrochor.blogspot.in
মহান নেসির দিব্যি, বলো খোকা!
তুই পারবি খোকা!
জল, জল সব যায়গাতে, কোনও ফোঁটা নেই খাবার জল!
chitrochor.blogspot.in
জাদু! এই লোকটা জাদুকর! হো, হো, হো! এরকম করে মাক্কাবেয়াস কে বুদ্ধু বানাতে পারবে না!
37A
?
তুমি কি কিছু দেখতে পাচ্ছ? (গম্ভির কণ্ঠে)
আমি আলো দেখতে পাচ্ছি! (গম্ভির কণ্ঠে)
এই যে, ওবেলিক্স? (গম্ভির কণ্ঠে)
এইদিকে, অ্যাসটেরিক্স! (গম্ভির কণ্ঠে)
?!?
...এই মেনহিরের মতো পাথরের নিচে।
chitrochor.blogspot.in
37B



ওবেলিক্স,আমার মনে হয় আমরা একদম ঠিক সময়ে এসেছি!
ক্যামোমিলা!
আমার কোমল,আমার স্বচ্ছ ,আমার আলো,আমার কমনীয়,আমার সূক্ষ্ম,আমার বিচ্ছিন্ন,আমার দুর্বল, আমার পরী, আমার চিরন্তন আমার নিখুঁত,আমার সুন্দরী,আমার জীবনের আলোর উৎস...
আমার ম্যাক!
ও আবার কথা বলছে!
chitrochor.blogspot.in
মাক্কাবেয়াস,কুৎসিত শয়তান কোথাকার, ও আমাকে মেরে ফেলতে চেয়েছিলো আর ও ক্যামোমিলাকে অপহরণ করে,যাতে সে রাজা দ্বিতীয় ভালো ম্যাকের সিঙ্ঘাসন ও রাজত্য দাবি করতে পারে আর এভাবে অন্যান্য গোষ্ঠীর প্রধানদের নিজেকে সমর্থন করার জন্য রাজি করানোর চেষ্টা করে!
ওওওওওওও
ওওওওওওওহহহ
ঠিক বলেছ!
কি ?
ব্যাপারটা বেশ বিগড়ে যাচ্ছে! ওদের সঙ্কেত পাঠাও!
প্যাপ্পোপোও!
chitrochor.blogspot.in
38A
সেই মুহূর্তে দুই নৌকাবোঝাই রোমান সেনা লকের থেকে দ্বীপের দিকে যাত্রা করে...
সংকেত! দ্বীপের দিকে চলো!
চলো আমাদের বন্ধুদের সাহায্যের হাত বাড়িয়ে দেই !
chitrochor.blogspot.in
রোমানরা! বেশ বেশ! এদিকে এসো! এদিকে এদিকে!
সব গোষ্ঠীর দলপতিরা চমকে যায়...
মাক্কাবিসেরা রোমানদের বন্ধু?
মাক্কাবিসেরা বিশ্বাসঘাতক!
ভুঁড়িদাস পিক্টদের দিব্যি,আমার কৈফিয়ত চাই!
ছোপছোপে পিক্টরা মাক্কাবিসদের বন্ধু!
ফ্যাঁকাসে পিক্টরা নিরপেক্ষ...
ছোপছোপে পিক্টরা ঘুষখোর!
অর্ধেক ও দু-রঙা পিক্টরা আমার পেছনে এসো!
GLUG GLUG GLUG
chitrochor.blogspot.in
38B




chitrochor.blogspot.in



chitrochor.blogspot.in


আমরা সবাই ম্যাকারুনের সঙ্গে আছি!
ম্যাকা–রুনের জয় হোক!
নতুন রাজা দীর্ঘজীবী হোক!
ক্যামোমিলা দীর্ঘজীবী হোক!
এই নাও তোমার শিরস্ত্রাণ। হারিয়ে ফেলেছিলে।
ম্যাকারুন এতো জলদি রাজা হয়ে গেল কি করে?
খুব সহজ!সব দলপতির সম্মতিক্রমে!
আমি ভবিষ্যৎবাণী করেছিলাম!
শশ্‌শ্‌হ! ও ভাষণ দেবে।
এবার থেকে, বন্ধুরা, আমরা একটাই গোষ্ঠীর। চলো আমরা সবে ভালো–বাসার গানে গুনগুন করি... কিন্তু কোনও গুনগুন ছাড়াই।
এসো এসো মোষের লোক জন
আমার আমার পিঠে চড়ে সব
পেয়ালা পাত্র এসো নিয়ে এসো
ভরো ভরো
কক্কাকক্কাকক্কাকক
ভাবা হয় যে কয়েক শতক আগের ক্যাল্ডোনিয়ার মোরগদের এই বিরলতা,এর কারন তারা একটা আত্ম-সচেতন পাখি,আসলে কিন্তু এই পরিস্থিতির পরে অতিরিক্ত কান্নাই এই অবস্থার আসল কারন...
রাজকীয় শক্তির নিয়ম অনুযায়ী, আমি সেগুলো আরও সরল করার প্রস্তাব জানাচ্ছি!
ও দারুন ভাষণ দেয়, তাই না?
আমি জানি!কেন এটা রাজা রানীর বড়ো মেয়েরা কেন এই অধিকার পায় না?
মেয়েরা ? কেন মেয়েরা কেন?
তবে,আমি জানতে পারি মেয়েরা নয়,কেন ?
আমি...এর... জানি না... বাঁচাও বাঁচাও! আমি...
আমি প্রথম ভাগ্নেকে নির্বাচন করবো ...
কেন সমানভাবে ভোট করা যায় না?
ধরো আমরা যদি,রং হিসাবে নির্বাচন করি ?
অথবা গ্রীকদের মতো গণতন্ত্র থাকলে?
কাদের মতো?
এহ...আর স্যালমনের ঝোল আছে?



আর পিক্ট গোষ্ঠীর মাঝে কিছুদিন শান্তিতে কাটানোর পর...
রাআনীইই...
টিং টিং টিং
বম বম
ধন্যবাদ, গলীয় ভায়েরা।
তোমাদের জন্যই, আমি বাড়ী ফিরে এসেছি আমার নিজের পরিবারের সঙ্গে আছি, আর সবকিছুর জন্যই তোমাদের অসংখ্য ধন্যবাদ...
কথা না বাড়িয়ে ছোট করে বলি! কোন ভাষন নয়! আবার এসো আমাদের সাথে দেখা করতে!
এই দেখো, ওবেলিক্স, আমি তোমার জন্য রান্নাপ্রনালী খোঁদাই করে দিয়েছি...
chitrochor.blogspot.in
পিক্টরা বেশ ভাল, তাই না, ওবেলিক্স?
হ্যাঁ...কিন্তু ওদের চারনকবিকে না পেটানোটাই শুধু একটু অন্যরকম!
এটাসেটামিক্স হয়ত এটাকেই সাংস্কৃতিক বৈষম্য বলে...আরে, আমার মনে হয় কেউ আমাদের পিছু নিয়েছে!
বিশাল ভোঁদড়টা!
chitrochor.blogspot.in
ওই দেখ! সেই মহৌষধীর পাত্রটা!
না দেওয়ার থেকে দেরী করে দেওয়াই ভালো! ধন্যবাদ, নেসি!
দৈত্যের মতো কি বড়ো মাপের ...
এটাকে আবার জলেই ফেলে দেওয়া যাক।
ঝপাশ
chitrochor.blogspot.in
আর যদি, আজকাল, আসল নেসির কোনও বংশধরকে ডুব মেরে সাঁতরে আবার উঠতে দেখা যায়, তবে নিঃসন্দেহে তারা সেই মহৌষধীর পাত্রটাই খুঁজছে...
লক নেস
chitrochor.blogspot.in
কিছুদিনের মধ্যেই আমাদের বন্ধুরা সফল হয়ে গ্রামে ফেরে।
আপত্তিকা! আপত্তিকা!
ওরা ফিরেছে!



তারপর ? তারপর ?
তারপর সে তার আঙুলে আংটি পরিয়ে দিল আর সে রানী হয়ে গেল..সমাপ্ত!
আর এটা হল সেই বিখ্যাত সুরাপানি!
নাহে! এটা ধরতে গিয়ে আবার পড়ে যেও না, জাতেমাতালিক্স!
গোঁয়ার্তুমিক্স! আমার ছোট্ট সোনা!
ঘেউ!
chitrochor.blogspot.in
তারপর কি খবর, এটাসেটামিক্স?
সব আগেরমতোই, অ্যাসটেরিক্স!
যদিও পিক্টোম্যানিয়া কিছু ছাপ ফেলে গেছে, তবুও...
আরে, কেমন আছো বন্ধুরা!
chitrochor.blogspot.in
43A
আমার বুদ্ধিক্স-সোনা আমার জন্য একটা পিক্টিয় উল্কি আঁকিয়েছে!
?!
শীতকালে পিছলে পড়ার পরে, আমাদের দলপতি এখন আন্তঃদেশীয় ঢাল-চড়া শিখছে!
আমি আসছি, ছেলেরা!
ব্রেক চাপো, তোমরা দুজনে, জলদি ?
chitrochor.blogspot.in
ব্রেএএএক্, ব্ররর্‌...
ধড়াম!
?
...কিন্তু ও এখনো ঠিকমতো কৌশলটা রপ্ত করতে পারেনি।
ফু! আমি আগেই বলেছিলাম!
chitrochor.blogspot.in
আরে, না। এতে হবে না। আমি ভেবেছিলাম যে এটা ঠিক হয়ে গেছে।
43B


জুপিটারের দিব্যি! আবার আমাকে প্রথম থেকে গুনতে হবে! যে সেখানে পারছে ঘুরে বেড়াচ্ছে,কেউ এই পাগলদের গ্রামে কি করে গননা করতে পারে ?
ওহ ঠিক তো, আমি ভুলেই গেছিলাম।
ঠকাশ!
chitrochor.blogspot.in
আমি আর কিছুতেই গুনতে পারবো না!
আমি পাগল হয়ে যাবো।
আমাদের কিছু করা উচিত,ওবেলিক্স!
ওকে বরং পিক্ট গুনতে পাঠিয়ে দেই?
বেশ,তবে একটা গাছের মগডাল খুঁজে ওকে ওপরে বসিয়ে দেই আর...
না, তুমি তো জানোই গোঁয়ার্তুমিক্স তাতে রেগে যাবে!
হুহুহুহু
chitrochor.blogspot.in
আমাকে শেষ করতে দাও! মনে রেখ,গলদের গোনার একটা খুব সহজ পদ্ধতি আছে!
এই তো ?
ওহ, তাই তো! আমি জানি সেটা কি!
...একত্রে সব গলেরা,আর এইটাই গল গননার সেই সহজ পদ্ধতি,যেমনটা আমাদের বুদ্ধিমান পাঠকেরা আগেই অনুমান করেছিলেন, সেই
মহান অন্তিম ভুরিভোজ, তুঁতের শপথ!
XXII XXIII XXIV
না,না, ভোঁদড়ের থেকে অনেক বড়ো।
আর ওরা ওদের চারণকবিকে অনেক বেশি সন্মান করে।
তাই নাকি?
মন্দ নয়,হিক! কিন্তু জবের তৈরি বিয়ারের মতো না!
MUNCH MUNCH
শুভ সমাপ্তি
chitrochor.blogspot.in
FERRI + CONRAD

আর. গোসিনি এ. ইউদেরজো

নতুন অভিযানে অ্যাসটেরিক্স

# অ্যাসটেরিক্স ও হারানো পাণ্ডুলিপি

গল্পঃ জেন-ইভ্‌স ফেররী

ছবিঃ দিদিয়ার কনর‍্যাড






CHITRACHOR.BLOGSPOT.IN

আপনি কি দেশি-বিদেশী
কমিকস্ এর ভক্ত!!

এই ঠিকানায় একবার এলে
বেরনো খুবই শক্ত!!